

উপজেলা পরিষদ কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গফরগাঁও/উপজেলা কমিটি/২০২২-

তারিখঃ ০৮/০৬/২০২২ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/০৬/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ - পর্যালচনা ও অনুমোদন।
- ২। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন।



( মোঃ আতাউর রহমান )  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। অফিস কপি।

**প্রাথমিক শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী**


সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।  
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
সভার তারিখ : ১৪/০৬/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’**

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর শিক্ষা অফিসার ও সদস্য সচিব কে গফরগাঁও উপজেলার প্রাথমিক শিক্ষার উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

| ক্রঃ নং | আলোচনা  | সিদ্ধান্ত  |
|---------|---|--|
|         | উপজেলা শিক্ষা অফিসার, গফরগাঁও জানান যে, প্রাথমিক শিক্ষার মান নিশ্চিত করা এবং ঝড়েপড়া রোধে প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ৩য়-৫ম শ্রেণির ছাত্র-ছাত্রী যারা দুপুর ১২ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত বিদ্যালয়ে থাকে, তারা দীর্ঘক্ষণ না খেয়ে থাকার কারণে পড়াশোনার মন দিতে পারে না। এতে করে তাদের শারীরিক ও মানসিক বিকাশে মারাত্মক ব্যাঘাত ঘটে বিধায় গফরগাঁও উপজেলায় যে কোন একটি বিদ্যালয়ে সমাজের উচ্চবিত্তদের সহযোগিতায় মিড ডে মিল চালু করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তিনি আরও জানান যে, উপজেলা শিক্ষা অফিসের যাওয়ার রাস্তাটি কর্তমাক্ত থাকায় উপজেলা পরিষদের তহবিল হতে রাস্তাটি সংস্কার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। খ. উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় বলেন যে, জনপ্রতিনিধি এবং সমাজের নানা পেশার যে কেউ দায়িত্ব নেয়ার মাধ্যমে গফরগাঁও উপজেলার যে কোন একটি স্কুলে মিড ডে মিল চালু করার জন্য আহ্বান জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য গুরুত্ব আরোপ করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষার গুণগত মান বৃদ্ধি কল্পে নিয়মিত স্কুল পরিদর্শন অব্যাহত রাখা এবং বিধি বিধি মোতাবেক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।<br>গফরগাঁও উপজেলায় সকল পরীক্ষার্থী ভালোফল যাতে করতে পারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তা নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



( মোঃ আতাউর রহমান )

ভাইস চেয়ারম্যান


উপজেলা পরিষদ, গফরগাঁও।

স্মারক নং-উ.প.প্রা.শি.ক/গফরগাঁও/২০২২-

তারিখঃ ১৪/০৬/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



উপজেলা শিক্ষা অফিসার

গফরগাঁও, ময়মনসিংহ।